### গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার উপজেলা কার্যালয় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর নাটোর সদর, নাটোর।

### শেখ রাসেল ডিজিটাল ল্যাব পরিচালনার নির্দেশনা

তারিখঃ ১৩/০৮/২০১৬

- ১। শেখ রাসেল ডিজিটাল ল্যাব সম্পদ রেজিষ্ট্রার।
- ২। শেখ রাসেল ডিজিটাল ল্যাব পরিদর্শন রেজিষ্ট্রার।
- ৩। শিক্ষকদের শেখ রাসেল ডিজিটাল ল্যাব ব্যবহার রেজিষ্ট্রার।
- ৪। শিক্ষার্থীদের শেখ রাসেল ডিজিটাল ল্যাব ব্যবহার রেজিষ্ট্রার।
- ৫। মাল্টিমিডিয়া ক্লাশ (MMC) আপলোড রেজিষ্ট্রার।

### শেখ রাসেল ডিজিটাল ল্যাব পরিচালনার অন্যান্য নির্দেশনা

- ১। প্রতিটি ল্যাপটপকে নাম্বারিং করতে হবে।
- ২। প্রতিটি টেবিলকে নাম্বারিং করতে হবে।
- ৩। ল্যাবে অপ্রয়োজনীয় জিনিসপত্র নির্দিষ্ট স্থানে রাখার জন্য কমপক্ষে দুইটি ঝুড়ি রাখতে হবে।
- ৪। ল্যাপটপ এবং ল্যাপটপের কীবোর্ডগুলো পরিষ্কার রাখার জন্য কমপক্ষে দুইটি ব্রাশ রাখতে হবে এবং ব্রাশ দিয়ে নিয়মিত ল্যাপটপ এবং ল্যাপটপের কীবোর্ডগুলো পরিষ্কার করতে হবে।
- ৫। ল্যাবের প্রিন্টার ধুলো-বালি থেকে পরিষ্কার রাখতে একটি তোয়ালে দিয়ে প্রিন্টার ব্যবহারের পর ঢেকে রাখতে হবে।
- ৬। প্রতিটি প্রজেক্টরের নির্দিষ্ট লাইফ টাইম থাকে। তাই প্রজেক্টরের কাজ শেষ হয়ে গেলে প্রজেক্টরটি বন্ধ রাখতে হবে।
- ৭। ল্যাবে স্থাপিত রাউটারটি স্বয়ত্নে ব্যবহার করতে হবে। ল্যানের ক্যাবল ল্যাপটপের সাথে যুক্ত থাকা অবস্থায় সতর্কতা অবলম্বন করতে হবে।

## >> ল্যাপটপ নাম্বারিং করার নমুনাঃ

#### শেখ রাসেল ডিজিটাল ল্যাব

কালীগঞ্জ উচ্চ বিদ্যালয় নলডাঙ্গা, নাটোর ল্যাপটপ নং- ০১

## >> টেবিল নাম্বারিং করার নমুনাঃ

#### শেখ রাসেল ডিজিটাল ল্যাব

কালীগঞ্জ উচ্চ বিদ্যালয় নলডাঙ্গা, নাটোর **টেবিল নং- ০১** 

## >> শিক্ষকদের শেখ রাসেল ডিজিটাল ল্যাব ব্যবহার রেজিষ্ট্রার নমুনাঃ

# আগষ্ট ২০১৬

ক্রমিক নং	তারিখ	প্রবেশের সময়	শিক্ষকের নাম	ল্যাপটপ	বিষয়	ැස්ම්	উপস্থিত শিক্ষার্থীর	প্রস্থানের	শিক্ষকের	মন্তব্য
				নং			সংখ্যা	সময়	স্বাক্ষর	
٥٥	১৩-০৮-১৬	সকাল ১০:০০ মি:	মোঃ আবু জাফর	০১	গণিত	৮ম	১৬ জন	সকাল ১০:৫০ মি:	জাফর	
০২										
০৩										

## >> শিক্ষার্থীদের শেখ রাসেল ডিজিটাল ল্যাব ব্যবহার রেজিষ্ট্রার নমুনাঃ

# আগষ্ট ২০১৬

ক্রমিক নং	তারিখ	প্রবেশের সময়	শিক্ষার্থীর নাম	ল্যাপটপ	বিষয়	শ্ৰেণী	রোল	প্রস্থানের সময়	শিক্ষার্থীর	মন্তব্য
				নং					স্বাক্ষর	
05	১৩-০৮-১৬	সকাল ১০:০০ মি:	মোঃ সাব্বির হোসেন	20	ইন্টারনেট	৮ম	20	সকাল ১০:৫০ মি:	সাব্বির	
০২										
০৩										

## শেখ রাসেল ডিজিটাল ল্যাব ব্যবহারে নির্দেশনা

- ১। ল্যাবে প্রবেশের সাথে সাথেই রেজিষ্ট্রারে নিজের নাম ও অন্যান্য তথ্য লিপিবদ্ধ করুন।
- ২। ল্যাপটপ ব্যবহারের পূর্বে ল্যাপটপের সাথে সঠিকভাবে চার্জারের ক্যাবল যুক্ত আছে কিনা ভালভাবে দেখে নিন।
- ৩। ল্যাব ব্যবহারকারী যে ল্যাপটপটি ওপেন করবেন ল্যাব ত্যাগের সময় নিজেই সঠিক নিয়মে ল্যাপটপটি সাটডাউন করবেন।
- ৪। ল্যাবের কোন ল্যপটপের সফটওয়্যার ইন্সটলেশন কিংবা আনইন্সটলেশনসহ অন্য যেকোন প্রয়োজনে ল্যাবে দায়িত্বরত ব্যক্তির অনুমতি নিন।
- ৫। ল্যাপটপের চার্জ ২০% এর কম হলে উক্ত ল্যাপটপটি ব্যবহার থেকে বিরত থাকুন।
- ৬। প্রতিটি প্রজেক্টরের নির্দিষ্ট লাইফ টাইম থাকে। তাই প্রজেক্টরের কাজ শেষ হয়ে গেলে প্রজেক্টরটি বন্ধ রাখুন।
- ৭। ল্যাবে স্থাপিত রাউটারটি স্বযন্নে ব্যবহার করুন। ল্যানের ক্যাবল ল্যাপটপের সাথে যুক্ত থাকা অবস্থায় সতর্কতা অবলম্বন করুন।
- ৯। ল্যাবের সুন্দর পরিবেশ বজায় রাখতে শৃঙ্খলা অনুসরন করুন।
- ১০। ল্যাব পরিষ্কার পরিছন্ন রাখতে সচেতন থাকুন।

